সমকাল

তারিখ ... 26 JUL 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

# মানিকগঞ্জে ছাত্রলীগ নেতাদের বিরুদ্ধে প্রতিমন্ত্রীর অভিযোগ

■ মানিকগঞ্জ প্রতিনিধি

মানিকগঞ্জ জেলা ছাত্রলীগের সভাপতি সাদিকুল ইসলাম সোহা ও সাধারণ সম্পাদক এনামুল হক রুবেলের বিরুদ্ধে সন্ত্রাস, চাঁদাবাজি, দলীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ করাসহ বিভিন্ন অভিযোগ এনেছেন জেলার আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনগুলোর নেতারা। দু'জনের বিরুদ্ধে আওয়ামী লীগের শীর্ষ নেতাদের কাছে দেওয়া লিখিত অভিযোগে সই করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী জাহিদ মালেক স্বপন, পৌর মেয়র রমজান আলী এবং জেলা আওয়ামী লীগ সভাপতি, সাধারণ সম্পাদকসহ দলের সহযোগী সংগঠনের নেতারা। জেলা ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদককে দল থেকে বহিষ্কারের দাবি সংবলিত ওই অভিযোগের কপি আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং মানিকগঞ্জের দায়িত্বপ্রাপ্ত আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আহমদ হোসেনের কাছে দেওয়া হয়েছে। এছাড়া শুক্রবার রাতে ছাত্রলীগের একাংশ শহরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে সভাপতি ও সাধারণ সম্পাদককে মানিকগঞ্জে অবাঞ্ছিত ঘোষণা করে।

গত ৩০ নভেম্বর সম্মেলনে সাদিকুল ইসলাম সোহাকে সভাপতি ও এনামুল হক রুবেলকে সাধারণ সম্পাদক করে জেলা ছাত্রলীগের কমিটি ঘোষণা করা হয়। লিখিত অভিযোগে বলা হয়েছে, সভাপতি ও সাধারণ সম্পাদক দীর্ঘ দিনেও জেলা ছাত্রলীগের কমিটি পূর্ণাঙ্গ করতে পারেননি। তারা জেলায় বিভিন্ন প্রতিষ্ঠানে সন্ত্রাসী কার্যকলাপ চালিয়ে যাচ্ছেন এবং চাঁদাবাজি করছেন।

এ ব্যাপারে সাদিকুল ইসলাম সোহা বলেন, তার বিরুদ্ধে অভিযোগ সত্য নয়। বৃহস্পতিবার মানিকগঞ্জ জেলা ছাত্রলীগের ১৫২ সদস্যবিশিষ্ট কমিটি অনুমোদন করেছে কেন্দ্রীয় কমিটি। ওই কমিটি এখনও আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়নি। অছাত্ররা কমিটিতে স্থান না পেয়ে শুক্রবার রাতে বিক্ষোভ করেছে। সাধারণ সম্পাদক এনামুল হক রুবেল বলেন, তার বিরুদ্ধে আনা অভিযোগ প্রসঙ্গে তিনি কিছুই জানে না। জেলা আওয়ামী লীগ সভাপতি, সাধারণ সম্পাদক এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রীর সঙ্গে বৈঠক করে বিষয়টি দ্রুত নিষ্পত্তি করবেন বলে তিনি জানান।